মেহেরপুরের বেড়পাড়া জামে মসজিদের দানবাক্স চুরি

মেহেরপুর শহরের ৪ নম্বর ওয়ার্ডের বেড়পাড়া জামে মসজিদের দানবাক্স চুরির ঘটনা ঘটেছে।

গতকাল বুধবার সকাল সাড়ে ৭টার দিকে মসজিদ পরিষ্কার করতে এসে দানবাক্সটি দেখতে পাননি মোয়াজ্জিন।

মসজিদ কর্তৃপক্ষ জানায়, ফজরের নামাজ শেষে মসজিদে তালা দিয়ে সবাই চলে যান। পরে সকালে মোয়াজ্জিন মসজিদ পরিষ্কার করতে এসে দেখেন, দানবাক্সটি নেই। ধারণা করা হচ্ছে, ফজরের নামাজের পর থেকে সকাল সাড়ে ৭টার মধ্যে কোনো একসময় দানবাক্সটি চুরি হয়েছে।

গাংনীতে তিন মাসে কৃষকের ৬ সোলার প্লেট চুরি

মেহেরপুরের গাংনীতে কৃষক মো. কামাল উদ্দিনের সোলার প্যানেলের তিনটি প্লেট চুরির ঘটনা ঘটেছে। এর আগে তিন মাস আগেও তাঁর সোলার প্যানেলের আরও তিনটি প্লেট চুরি হয়।

সব মিলিয়ে তিন মাসে ছয়টি প্লেট চুরি হওয়ায় বিপাকে পড়েছেন তিনি। অন্যদিকে, সেচ দিতে না পারায় ফসলের ক্ষতি নিয়ে দুশ্চিন্তায় পড়েছেন স্থানীয় কৃষকেরা।

গত মঙ্গলবার রাতের কোনো একসময় উপজেলার ভবানীপুর মাঠে এ চুরির ঘটনা ঘটে।

স্থানীয় কৃষকেরা জানান, বর্তমানে ধানের ভরা মৌসুম চলছে। ধানের শিষ বের হয়েছে, এ সময় জমিতে নিয়মিত সেচ দেওয়া জরুরি। কিন্তু সোলার প্যানেলের প্লেট চুরি হওয়ায় সেচ কার্যক্রম ব্যাহত হচ্ছে। এতে শুধু সোলার প্যানেলের মালিকই নন, সেচের ওপর নির্ভরশীল অন্য

কৃষকেরাও ক্ষতির আশঙ্কায় রয়েছেন। চুরির সঙ্গে জড়িত ব্যক্তিদের শনাক্ত করে আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন তাঁরা।

সোলার প্যানেলের মালিক কৃষক মো. কামাল উদ্দিন বলেন, “সকালে মাঠে এসে দেখি, আমার সোলার প্যানেলের তিনটি প্লেট চুরি হয়ে গেছে। তিন মাস আগেও এখান থেকে তিনটি প্লেট চুরি হয়েছিল। বারবার এভাবে প্লেট চুরি হলে আমি আবাদ করব কীভাবে, আর কৃষকদের জমিতে সেচই বা দেব কীভাবে? এখন মাঠে ধানসহ বিভিন্ন ফসল রয়েছে। সময়মতো সেচ দিতে না পারলে ফলন কমে যাবে।”

তিনি আরও বলেন, “একেকটি সোলার প্যানেলের প্লেটের দাম ২০ হাজার টাকা। তিন মাসের মধ্যে আমার ছয়টি প্লেট চুরি হয়েছে। এতে এক লাখ ২০ হাজার টাকার ক্ষতি হয়েছে। অন্যান্য খরচ তো আছেই। অনেক কষ্টে ধারদেনা করে সোলার প্যানেল বসিয়েছি। কৃষি অফিস থেকে সহযোগিতা পেলে উপকার হতো। পাশাপাশি প্রশাসনের কাছে অনুরোধ, চুরির সঙ্গে জড়িত ব্যক্তিদের শনাক্ত করে দ্রুত আইনের আওতায় এনে শাস্তির ব্যবস্থা করা হোক।”

ধানচাষি মো. পাতুয়ালী বলেন, “আজ সকালে আমার ধানের জমিতে সেচ দেওয়ার কথা ছিল। কিন্তু এসে দেখি, সোলার প্যানেলের প্লেট চুরি হয়ে গেছে। এখন সেচ দেওয়া বন্ধ রয়েছে। দ্রুত প্লেটের ব্যবস্থা না হলে আমরা ক্ষতিগ্রস্ত হব। সময়মতো সেচ দিতে না পারলে ধানসহ অন্যান্য ফসলের ফলন কমে যাওয়ার আশঙ্কা রয়েছে।”

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরী জানান, তাঁরা বিষয়টি জেনেছেন এবং খোঁজখবর নিচ্ছেন। চুরির সঙ্গে জড়িত ব্যক্তিদের শনাক্ত করে দ্রুত আইনের আওতায় আনার ব্যবস্থা নেওয়া হবে।

গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা মো. আব্দুল্লাহ আল মামুন জানান, এ বিষয়ে লিখিত আবেদন পেলে বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হবে। তাঁরা সব সময় কৃষকদের পাশে আছেন এবং সহযোগিতা করার চেষ্টা করেন।

গাংনীতে রাষ্ট্রীয় মর্যাদায় বীর মুক্তিযোদ্ধা নজরুল ইসলামের দাফন

মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর গ্রামের বীর মুক্তিযোদ্ধা মো. নজরুল ইসলাম (৮০) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

বুধবার সকাল ১১টার দিকে নিজ বাড়িতে তিনি ইন্তেকাল করেন। তিনি মেহেরপুর পৌরসভার মণ্ডলপাড়ার মৃত মো. আব্দুল জলিল বিশ্বাসের ছেলে। প্রায় ৫০ বছর ধরে তিনি গাংনী উপজেলার দেবীপুর গ্রামে বসবাস করছিলেন।

দীর্ঘদিন ধরে তিনি বিভিন্ন রোগে ভুগছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই ছেলে ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। বুধবার বিকেল ৫টার দিকে দেবীপুর বাজার ঈদগাহ মাঠে রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান শেষে তাঁর জানাজা অনুষ্ঠিত হয়। জানাজা শেষে দেবীপুর ভিটাপাড়া কবরস্থানে তাঁকে দাফন করা হয়।

এর আগে দেবীপুর বাজার ঈদগাহ প্রাঙ্গণে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. মাসুদুর রহমান বীর মুক্তিযোদ্ধা নজরুল ইসলামের মরদেহ জাতীয় পতাকায় আচ্ছাদিত করেন এবং পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান। পরে বীর মুক্তিযোদ্ধারাও পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরীর নেতৃত্বে পুলিশের একটি চৌকস দল তাঁকে রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান করে। এ সময় এক মিনিট নীরবতা পালন করা হয়।

অনুষ্ঠানে গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার বীর মুক্তিযোদ্ধা মুন্তাজ আলীসহ স্থানীয় বীর মুক্তিযোদ্ধা ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

সেমিনারে সরকারি গণমাধ্যম বাংলাদেশ বেতারের মেহেরপুর প্রতিনিধিকে আমন্ত্রণ না জানানোর অভিযোগও উঠেছে। তথ্য যাচাই ও সংবাদ পরিবেশনের সঙ্গে সরাসরি সম্পৃক্ত বিভিন্ন সংবাদমাধ্যমের প্রতিনিধিদের অংশগ্রহণ নিশ্চিত না হওয়ায় বিষয়টি নতুন করে আলোচনায় এসেছে।

সাংবাদিকতা বিষয়ে প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণকারী বাছাইয়ের ক্ষেত্রে রাজনৈতিক বিবেচনা কাজ করছে কি না, সে প্রশ্নও তুলেছেন সংশ্লিষ্ট সাংবাদিকেরা। তাঁদের অভিযোগ, আওয়ামী লীগ সরকারের সময়ও মেহেরপুরে সাংবাদিকতায় আগ্রহী আওয়ামী লীগ-সমর্থক তরুণদের নিয়ে কর্মশালা আয়োজনের নজির ছিল। বর্তমান আয়োজনেও আমন্ত্রণের ক্ষেত্রে একই ধরনের পক্ষপাতের আশঙ্কা তৈরি হয়েছে বলে তাঁরা মনে করছেন।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম বলেন, “এটি শুধু সেমিনারে অংশগ্রহণ বা বর্জনের বিষয় নয়। সাংবাদিকদের পেশাগত প্রতিনিধিত্ব, সরকারি প্রতিষ্ঠানের প্রশিক্ষণ আয়োজনের স্বচ্ছতা এবং গণমাধ্যমের সঙ্গে প্রাতিষ্ঠানিক সম্পর্কের প্রশ্ন সামনে আনতেই আমরা কর্মশালাটি বর্জন করেছি।”

গাংনী সরকারি ডিগ্রি কলেজে পাঠদান ব্যাহত

জনবল ও অনার্স ভবন সংকটে ব্যাহত হচ্ছে মেহেরপুরের গাংনী সরকারি ডিগ্রি কলেজের পাঠদান। দীর্ঘদিন ধরেই এ সমস্যায় ভুগছে কলেজ কর্তৃপক্ষ।

তবে শিক্ষক ও শ্রেণিকক্ষ সংকট দ্রুত দূর করা গেলে সমস্যা কাটিয়ে শিক্ষার মান ফিরিয়ে আনা সম্ভব বলে জানান কলেজ কর্তৃপক্ষ। এ ছাড়া কলেজের সমস্যার বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হবে বলেও জানান গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা।

সরকারি ডিগ্রি কলেজ অফিস সূত্র জানায়, কলেজে মোট শিক্ষক ও

রয়েছে। এ ছাড়া, অনার্সের ৮০০ থেকে ৯০০ শিক্ষার্থীর জন্য একটি অনার্স ভবন দরকার। আরেকটি একাডেমিক ভবনও প্রয়োজন। বর্তমান সরকারের কাছে আমাদের দাবি, শিক্ষক নিয়োগসহ নতুন দুটি ভবনের ব্যবস্থা করে এ সমস্যার সমাধান করা হবে বলে আশা করছি।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মাসুদুর রহমান বলেন, গাংনী সরকারি ডিগ্রি কলেজে পাঠদানের যে সমস্যা হচ্ছে, তা দ্রুত সমাধানের জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে বিষয়টি জানানো হবে।

মুজিবনগরে আমবাগান থেকে গৃহবধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাবুপুর গ্রামের একটি আমবাগান থেকে রজনী খাতুন (২৫) নামে এক গৃহবধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

মঙ্গলবার (১৩ অক্টোবর) সকালে স্থানীয়রা বাবুপুর মাঠের একটি ব্রিজের পাশের আমবাগানে গাছের সঙ্গে ঝুলন্ত অবস্থায় তার মরদেহ দেখতে পান। পরে পুলিশকে খবর দেওয়া হয়।

নিহত রজনী খাতুন মুজিবনগর থানার রশিকপুর গ্রামের রইদুল শেখের মেয়ে এবং উপজেলার সোনাপুর নতুনপাড়া গ্রামের রিপন শেখের স্ত্রী।

স্থানীয় সূত্রে জানা গেছে, সকালে কয়েকজন ব্যক্তি হাঁটতে বের হয়ে বাবুপুর মাঠের একটি ব্রিজের পাশের আমবাগানে রজনী খাতুনের মরদেহ ঝুলতে দেখেন। খবর ছড়িয়ে পড়লে এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়।

খবর পেয়ে মুজিবনগর থানা-পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে যায়।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার দাস জানান, খবর পাওয়ার পর পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করেছে। এ ঘটনায় প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে।

মেহেরপুর সদর উপজেলা এনসিপির আংশিক আহ্বায়ক কমিটি ঘোষণা

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মেহেরপুর সদর উপজেলা শাখার আংশিক আহ্বায়ক কমিটি ঘোষণা করা হয়েছে। আগামী ছয় মাসের জন্য এ কমিটির অনুমোদন দেওয়া হয়েছে।

কমিটিতে মো. নুরুজ্জামান তাজলকে আহ্বায়ক, মো. হুমায়ুন কবিরকে সিনিয়র যুগ্ম আহ্বায়ক, মো. মশিউর রহমানকে যুগ্ম আহ্বায়ক এবং ইব্রাহিম হোসেনকে সদস্যসচিব করা হয়েছে। এ ছাড়া মো. জাহাঙ্গীর আলমকে সিনিয়র যুগ্ম সদস্যসচিব, মো. মুনিম হোসেন মিরনকে যুগ্ম সদস্যসচিব এবং মো. মফিজুল হককে সাংগঠনিক সম্পাদক করা হয়েছে।

কমিটিতে সহসাংগঠনিক সম্পাদক হিসেবে আবু হানিফের নাম রয়েছে। সদস্য হিসেবে রয়েছেন মো. মাসাদ আলী, মো. বজলু রহমান, মো. হাসনাতুল ইসলাম ও মো. সাজিদুল ইসলাম।

ঘোষিত কমিটিকে আগামী ১৫ দিনের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠন করে দপ্তরে জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

সোমবার (১২ অক্টোবর) জাতীয় নাগরিক পার্টির মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক মো. রফিকুজ্জামান রফিক স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

মেহেরপুরে জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে আলোচনা সভা

জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে বৈষম্যহীন সমাজ গঠন, নারী ও কন্যাশিশুর নিরাপত্তা নিশ্চিত করা, বাল্যবিবাহ প্রতিরোধ এবং

নারীর অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে মেহেরপুরের পুরাতন মদনাডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার নারী শান্তি সহায়ক প্ল্যাটফর্মের উদ্যোগে এ সভার আয়োজন করা হয়। দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের সহযোগিতায় এবং এফসিডিওর (FCDO) অর্থায়নে আয়োজিত অনুষ্ঠানে ওয়েভের সদস্য, বিভিন্ন শ্রেণি-পেশার নারী নেত্রী, সামাজিক ও রাজনৈতিক প্রতিনিধি, শিক্ষার্থী এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা অংশ নেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নারী শান্তি সহায়ক প্ল্যাটফর্মের সমন্বয়কারী সুমী বিশ্বাস। স্বাগত বক্তব্যে তিনি জাতীয় কন্যাশিশু দিবসের তাৎপর্য তুলে ধরেন এবং কন্যাশিশুর অধিকার, নিরাপত্তা ও সমান সুযোগ নিশ্চিত করতে সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ওয়েভের সহসমন্বয়কারী আফরোজা আক্তার কাকলি।

প্রধান অতিথির বক্তব্যে মেহেরপুর জেলা মহিলা দলের সভাপতি ও পিস অ্যাম্বাসেডর সাইয়্যেদাতুন নেসা নয়ন বাল্যবিবাহের ক্ষতিকর দিক তুলে ধরেন। তিনি বলেন, বাল্যবিবাহ কন্যাশিশুর শিক্ষা, স্বাস্থ্য, নিরাপত্তা ও ভবিষ্যৎ বিকাশের পথে বড় বাধা। এ সমস্যা প্রতিরোধে পরিবার, সমাজ ও সংশ্লিষ্ট সবাইকে সচেতন হতে হবে। কন্যাশিশুর শিক্ষা নিশ্চিত করা এবং তাদের অধিকার প্রতিষ্ঠায় সবাইকে এগিয়ে আসতে হবে।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন ওয়েভের সদস্য সোনিয়া আক্তার সমেনা ও পলি আক্তার বেদানা। তাঁরা নারী ও কন্যাশিশুর প্রতি বৈষম্য দূর করা, সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা এবং নারীর ক্ষমতায়ন ও নেতৃত্বের বিকাশের ওপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে নতুন মদনাডাঙ্গা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণির শিক্ষার্থী ইয়াসমিন আরা নারীর অধিকার বিষয়ে বক্তব্য দেয়। সে কন্যাশিশুর প্রতি বৈষম্য দূর করা, শিক্ষার সমান সুযোগ নিশ্চিত করা এবং নারীর মর্যাদা ও অধিকার প্রতিষ্ঠার ওপর গুরুত্ব তুলে ধরে।

আলোচনা সভায় বক্তারা বলেন, নারী ও কন্যাশিশুর নিরাপত্তা নিশ্চিত করা এবং তাদের জন্য সমান সুযোগ সৃষ্টি করা বৈষম্যহীন ও শান্তিপূর্ণ সমাজ গঠনের পূর্বশর্ত। বাল্যবিবাহ, নারী নির্যাতন ও সামাজিক বৈষম্য প্রতিরোধে পরিবার, শিক্ষাপ্রতিষ্ঠান, সামাজিক

সংগঠন এবং স্থানীয় নেতৃত্বকে একযোগে কাজ করতে হবে। পাশাপাশি কন্যাশিশুদের নিজেদের অধিকার সম্পর্কে সচেতন করে নেতৃত্বের বিকাশে উৎসাহিত করতে হবে।

জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে শিক্ষার্থীরা বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া, নারী জাগরণের অগ্রদূত বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন এবং মানবসেবায় নিবেদিত মাদার তেরেসার সাজে অংশ নেয়। এ সময় তারা এসব ব্যক্তিত্বের জীবন, কর্ম ও অবদান সম্পর্কে নিজেদের অভিমত প্রকাশ করে। এ আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে নারী নেতৃত্ব, মানবিক মূল্যবোধ, অধিকার সম্পর্কে সচেতনতা ও আত্মবিশ্বাস বিকাশের বার্তা তুলে ধরা হয়।

বক্তারা নিরাপদ, শান্তিপূর্ণ ও বৈষম্যহীন সমাজ গড়ে তুলতে নারী ও কন্যাশিশুর অধিকার রক্ষা এবং সমাজের সর্বস্তরে তাদের অংশগ্রহণ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানের সার্বিক আলোচনা সমন্বয় করেন দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের এমআইপিএস প্রকল্পের ফিল্ড কো-অর্ডিনেটর মো. আশরাফুজ্জামান।

মেহেরপুরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত

‘ঘর থেকে শুরু করি, দুর্যোগ সহনশীল দেশ গড়ি’-এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালি, আলোচনা সভা ও অগ্নিনির্বাপণ মহড়া অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে এ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপী ইবনে সাজ্জাদ, অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল ইসলাম ও সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বাবলু সূত্রধর।

সভায় অন্যদের মধ্যে বক্তব্য দেন সিভিল সার্জন কার্যালয়ের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক, সদর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ওয়্যারহাউস ইন্সপেক্টর রতন শর্মা এবং রেড ক্রিসেন্টের প্রতিনিধি সাব্বির হোসেন প্রমুখ।

এর আগে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। জেলা প্রশাসক শিল্পী রানী রায়ের নেতৃত্বে র্যালিটি জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।

গাংনীতে বাসের ধাক্কায় ভ্যানচালক নিহত

মেহেরপুরের গাংনীতে যাত্রীবাহী বাসের ধাক্কায় আব্দুস শুকুর (৫৮) নামে এক ভ্যানচালকের মৃত্যু হয়েছে। মঙ্গলবার (১৩ অক্টোবর) সকাল পৌনে ৯টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া মহাসড়কের ছাতিয়ান ব্রিকস ফিল্ডের সামনে এ দুর্ঘটনা ঘটে।

নিহত আব্দুস শুকুর গাংনী উপজেলার বাদিয়াপাড়া গ্রামের মৃত মনিরুদ্দিন মালিথার ছেলে।

স্থানীয়রা জানিয়েছেন,মঙ্গলবার সকাল পৌনে নয়টার দিকে আব্দুস শুকুর ভ্যান নিয়ে মহাসড়ক পার হচ্ছিলেন। এ সময় কুষ্টিয়ার দিক থেকে আসা ঢাকা মেট্রো-হ-১১-১০২৬ নম্বরের একটি যাত্রীবাহী বাস তাঁর ভ্যানে ধাক্কা দেয়। এতে তিনি সড়কে ছিটকে পড়ে গুরুতর আহত হন।

পরে স্থানীয় লোকজন তাঁকে উদ্ধার করে বামন্দী আল-ফালাহ ক্লিনিকে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাঁকে প্রাথমিক চিকিৎসা দেন। শারীরিক অবস্থার অবনতি হলে তাঁকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। হাসপাতালে নেওয়ার পথে কুষ্টিয়ার মিরপুর উপজেলার মশান বাজার এলাকায় তাঁর মৃত্যু হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মহাদিদ মোরশেদ চৌধুরী বলেন, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে নিহতের পরিবারের সাথে আলোচনা করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।